

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বহিরাগমন-২ শাখা
www.moha.gov.bd

স্মারক নম্বর: ৪৪.০০.০০০০.০০০.১৩৫.০২.০০০১.২৫.৩৬০

তারিখ: ৬ জ্যৈষ্ঠ ১৪৩৩ বঙ্গাব্দ
২০ মে ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: অতিবাস জরিমানা মওকুফ সংক্রান্ত

সূত্র: (১) স্পেশাল ব্রাঞ্চ (এসবি) এর স্মারক নং-১৩২৫০, তারিখ: ২৯/১২/২০২৫
(২) Tasmia Kader Sreeya এর আবেদন, তারিখ: ২৮/১০/২০২৫

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের ছায়ািলিপি এ সাথে সংযুক্ত করা হলো। সংযুক্ত পত্রে বর্ণিত বাংলাদেশী নাগরিক Tasmia Kader Sreeya এর স্বামী ব্রিটিশ নাগরিক David Mathew Haines (PP No-125676892) 'T' নিয়ে গত ১৬/০৩/২০২৫ তারিখ বাংলাদেশে আসেন এবং তার বিবাহ বন্ধনে আবদ্ধ হন। তার 'T' ভিসার মেয়াদ শেষ হয় গত ০১/০৭/২০২৫ তারিখে এবং ভিসার মেয়াদ শেষ হওয়ার পূর্বেই বর্ণিত ব্রিটিশ নাগরিক David Mathew Haines এর বাংলাদেশ ত্যাগ করার কথা থাকলেও তাসমিয়া কাদেরের বোনের অসুস্থতার জন্য তারা কেউই দেশ ত্যাগ করতে পারেননি। তার ভিসার মেয়াদ বৃদ্ধি বা ভিসার ক্যাটাগরি পরিবর্তন ও করতে পারেননি। উল্লেখ্য, বর্ণিত বিদেশী নাগরিক 'NVR' এর জন্য আবেদন করলে গত ০১/১১/২০২৫ তারিখে স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক তার অনুকূলে 'NVR' প্রদান করা হয়। নির্ধারিত সময়ের মধ্যে ভিসার মেয়াদ বৃদ্ধি না করতে পারায় তার উপর অতিবাস জরিমানা আরোপিত হয়।

০২। এমতাবস্থায়, স্পেশাল ব্রাঞ্চ (এসবি) এর প্রতিবেদন, প্রার্থীর আবেদন এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত পরিপত্রের স্মারক নং-৩৩৪, তারিখ: ০৪.১২.২০২৪ এর ২ এর (খ) অনুযায়ী বাংলাদেশী নাগরিক Tasmia Kader Sreeya - এর স্বামী ব্রিটিশ নাগরিক David Mathew Haines (PP No-125676892)-এর অনুকূলে অতিবাস জরিমানা মওকুফের বিষয়ে এ মন্ত্রণালয়ের সম্মতি নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

২০-০৫-২০২৬

কাজী আরিফুর রহমান

উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)

ইমেইল : immigrationbr2@moha.gov.bd

মহাপরিচালক

মহাপরিচালক-এর দপ্তর, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর।

স্মারক নম্বর: ৪৪.০০.০০০০.০০০.১৩৫.০২.০০০১.২৫.৩৬০/১ (২)

তারিখ: ৬ জ্যৈষ্ঠ ১৪৩৩ বঙ্গাব্দ
২০ মে ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সিনিয়র সচিবের দপ্তর, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

২। সিস্টেম এনালিস্ট-১, আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।



২০-০৫-২০২৬

কাজী আরিফুর রহমান
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)